

২০২১

বাংলা

এম. এ. দ্বিতীয় বর্ষ (DODL)

সপ্তম পত্র

বিশেষ পত্র : রবীন্দ্র সাহিত্য

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রতিটি পর্ব থেকে ন্যূনতম একটি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।

পর্ব : ১

- ১। ‘পূর্ববী’ কাব্য লেখার পটভূমিটি উল্লেখ করে সেই পটভূমিতে ‘পাঁচিশে বৈশাখ’ কবিতাটির গুরুত্ব নিজের ভাষায় লেখো।

অথবা

চিরপুরাতনের ভেতর থেকেই চিরনতুনের জয়গান ধ্বনিত হয়েছে ‘আগমনী’ কবিতাটিতে — বক্তব্যটি পরিস্ফুট করো।

১৫

- ২। ‘প্রান্তিক’-এর কবিতাগুলি একই সুরে লেখা একটিই মাত্র কবিতা — ‘প্রান্তিক’ কাব্যগ্রন্থের আলোকে মন্তব্যটির যথার্থতা বিচার করো।

অথবা

পৃথিবীব্যাপী যে নাশকতা চলছে তার প্রেক্ষিতে ‘প্রান্তিক’ কাব্যের শেষ দুটি কবিতায় সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে কবির প্রতিবাদের স্বরূপ ব্যাখ্যা করো।

১৫

[পরের পাতায়]

পর্ব : ২

- ৩। রূপক সাংকেতিক নাটক হিসাবে ‘রাজা’ নাটকের সার্থকতা বিচার করো।

অথবা

‘রাজা’ নাটক অবলম্বনে রানী সুদর্শনা ও ঠাকুরদা চরিত্রদুটি আলোকিত করো।

১৫

- ৪। রাজপুত্র ও সদাগর পুত্র নতুন যৌবনের দূত হয়ে তাসের দেশে কি কি পরিবর্তন আনলেন তা বিবৃত করো।

অথবা

‘তাসের দেশ’ নাটকে গানের ভূমিকা বিশ্লেষণ করো।

১৫

পর্ব : ৩

- ৫। ‘চতুরঙ্গ’ উপন্যাসে ‘শচীশ’ চরিত্রের বিবর্তনের রূপরেখাটি অঙ্কন করো।

অথবা

‘চতুরঙ্গ’ উপন্যাসের গঠনশৈলী অভিনব’ — আলোচনা করো।

১৫

- ৬। ‘মালঞ্চ’ উপন্যাসের মনস্তাত্ত্বিক প্রেক্ষাপটটি আলোচনা করো।

অথবা

‘মালঞ্চ’ উপন্যাসের প্রধান চরিত্রগুলির উপর আলোকপাত করো।

১৫

পর্ব : ৪

৭। ‘লিপিকা’র রূপকথা জাতীয় রচনাগুলির বৈশিষ্ট্য নিরূপণ করো।

অথবা

‘তোতাকাহিনী’ অথবা ‘কর্তার ভূত’ রচনার বক্তব্যবিষয় স্পষ্ট করো। ১৫

৮। ‘মানুষের ধর্ম’ প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথের ধর্ম-দর্শনের পরিচয় দাও।

অথবা

‘মানুষের দায় মহামানবের দায়, কোথাও তার সীমা থাকতে নেই’ — ‘মানুষের ধর্মের’ প্রথম প্রবন্ধ অবলম্বনে উক্তিটির তাৎপর্য আলোচনা করো। ১৫